গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জেলা কার্যালয়, রাজশাহী
মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর
সুরক্ষা সেবা বিভাগ
স্বরাষ্ট্র মন্ত্রণালয়।

E-mail: rajshahi@dnc.gov.bd, rajshahidnc@gmail.com

স্মারক নং- ৫৮.০২.৮১০০.১৩৭.০৬.০০৮.২৩-৬৮৭ তারিখঃ ০৮/০৫/২০২৫ খ্রিঃ।

**বিষয় ঃ মাদকদ্রব্যের অপব্যবহার ও অবৈধ পাচারবিরোধী আর্ন্তজাতিক দিবস ২৬ জুন, ২০২৫ উদযাপন উপলক্ষ্যে চিত্রাঙ্কন প্রতিযোগিতার আয়োজন প্রসংগে।**

**সূত্র : মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর, অপারেশনস্ অধিশাখার ০৫ মে, ২০২৫ খ্রি: তারিখের ৫৮.০২.০০০০.০০৯.০০.০২৩.২১-১৮০ নং স্মারক পত্র।**

উপর্যুক্ত বিষয়ের প্রতি তাঁর সদয় দৃষ্টিআকর্ষণ পূর্বক জানানো যায় যে, মাদকদ্রব্যের অপব্যহার ও অবৈধ পাচার বিরোধী আন্তর্জাতিক দিবস ২৬ জুন ২০২৫ উদযাপন উপলক্ষে জেলা কার্যালয়সমূহকে জেলা শিশু একাডেমির সহযোগিতায় নিম্নলিখিত গ্রুপ, শ্রেণি ও বিষয় ভিত্তিক রচনা ও চিত্রাঙ্কন প্রতিযোগিতার আয়োজন করার জন্য সূত্রোক্ত পত্রে নির্দেশনা দেয়া হয়েছে। তাই বিশ্বের অন্যান্য দেশের ন্যায় বাংলাদেশেও গুরুত্বের সংগে বিভিন্ন কর্মসূচী গ্রহণের মাধ্যমে দিবসটি পালনের জন্য উদ্যোগ গ্রহণ করা হয়েছে। আপনি অবগত আছেন যে, দেশের যুব সমাজের একটা অংশ মাদকাসক্ত হওয়ার কারণে সমাজে বিভিন্ন ধরণের অপরাধ প্রবণতা বৃদ্ধি পাচ্ছে। ফলে সমাজে দেখা দিচ্ছে অশান্তি ও অস্থিরতা। মাদকের করাল গ্রাস থেকে যুব সমাজকে রক্ষা করা ও তাদেরকে সুস্থ নাগরিক হিসেবে গড়ে তোলার জন্য অনুকূল পরিবেশ নিশ্চিত করা আমাদের সকলের দায়িত্ব ও কর্তব্য। তরুণ ও যুবসমাজের মধ্যে সচেতনতা সৃষ্টির উদ্দেশ্যে আগামী ২৬ জুন, ২০২৫ মাদকদ্রব্যের অপব্যবহার ও অবৈধ পাচার বিরোধী আন্তর্জাতিক দিবস উদযাপন উপলক্ষে জেলা শিশু একাডেমি, রাজশাহীর সহযোগিতায় মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর, জেলা কার্যালয়, রাজশাহী কর্তৃক চিত্রাঙ্কন প্রতিযোগিতার আয়োজন করার নির্দেশনা রয়েছে। যা নিম্নরুপ :

**চিত্রাঙ্কন প্রতিযোগিতা**

| ক্র:নং | গ্রুপ | শ্রেণি | ২০২৫ সালের জন্য বিষয়বস্তু |
|---|---|---|---|
| ০১ | ক | ১ম -৩য় শ্রেণি বা সমমান | দেশকে ভালবাসি, মাদককে 'না' বলি |
| ০২ | খ | ৪র্থ-৭ম শ্রেণি বা সমমান | মাদকমুক্ত সুখী জীবন |
| ০৩ | গ | ৮ম-১০ম শ্রেণি বা সমমান | মাদকমুক্ত তারুণ্য, নিরাপদ ভবিষ্যত |
| ০৪ | ঘ | বিশেষ চাহিদা সম্পন্ন | উন্মুক্ত |

**চিত্রাঙ্কন প্রতিযোগিতার নিয়মাবলী:**

১। রাজশাহী জেলার সকল স্কুল ও মাদ্রাসার আগ্রহী ছাত্র/ছাত্রীরা গ্রুপ অনুসারে এ প্রতিযোগিতায় অংশগ্রহণ করতে পারবে।
২। চিত্রাঙ্কন কার্টিজ পেপার আয়োজনকারী কর্তৃপক্ষ সরবরাহ করবে (রংতুলি সহ অন্যান্য জিনিস সাথে আনতে হবে)।
৩। চিত্রাঙ্কন কার্টিজ পেপারের উপর দিকে প্রতিযোগীর নাম, টেলিফোন/ মোবাইল নম্বর ও গ্রুপ উল্লেখ করতে হবে।
৪। চিত্রঙ্কন প্রতিযোগিতায় অংশগ্রহণকারীকে বিকাল-৩.৩০ ঘটিকার মধ্যে অবশ্যই উপস্থিত থাকতে হবে।
৫। চিত্রঙ্কন আগামী ২৪ মে, ২০২৫ তারিখ জেলা শিশু একাডেমী, রাজশাহীতে বিকাল ৪:০০-৫:০০ ঘটিকায় অনুষ্ঠিত হবে।
৬। চিত্রঙ্কন প্রতিযোগিতার ফলাফল ২৪ মে, ২০২৫ তারিখ অর্থাৎ চিত্রাংকের দিনই প্রকাশ করা হবে।